

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।

আপনার পরিবেশ সুন্দর ও পরিচ্ছন্ন রাখুন
আপনার শিশুকে টিকা দিন
প্রিয়জনকে বই উপহার দিন।

নং-৪৬.১০.০০০০.০১৭.৬১৮.১৮

তারিখ-২১/০১/২০১৮ খ্রিঃ

-ঃ দরপত্র বিজ্ঞপ্তি :-

১। এতদ্বারা নিম্নবর্ণিত কাজের জন্য প্রকৃত ব্যবসায়ী ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের নিকট হইতে সাদা কাগজে সীল মোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাইতেছে। দরপত্র আগামী ১৫/০২/২০১৮ খ্রিঃ তারিখ সকাল-৯.০৫ হইতে দুপুর-১.০০ টা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর দপ্তর, বাড়ি# ২৩-২৫, গুলশান সেন্টার পয়েন্ট, রোড নং-#৪৬, গুলশান-২, লেভেল-৯ এ রক্ষিত টেন্ডার বাক্সে গ্রহণ করা হইবে। প্রাপ্ত দরপত্র একই দিন বেলা ১.৩০টার সময় নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হইবে।

ক্রমিক নং	কাজের নাম	উদ্ধৃত দর	নিয়োগের মেয়াদ
১।	গাবতলী আন্তঃজেলা টার্মিনালের বাস/মিনিবাসের টোল ও কুলী মজুরী এবং সি,এন,জি, টেম্পু, ভ্যান হইতে পার্কিং ফি আদায় এবং টয়লেট, গোসলখানা ও গাড়ী ধৌত করন কাজ হইতে রাজস্ব আদায়ের নিমিত্তে ইজারাদার নিয়োগ।	ইজারা গ্রহীতাকে উদ্ধৃত দরের ১২০% টাকা কার্যাদেশ প্রাপ্তির পূর্বে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন তহবিলে জমা দিতে হইবে।	কার্যাদেশে উল্লেখিত তারিখ হইতে পরবর্তী ১(এক) বৎসরের জন্য।

২। ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নির্ধারিত ফরমে দরপত্র দাখিল করিতে হইবে।

৩। উদ্ধৃত দরের ১২০%(উদ্ধৃত দর+১৫% ভ্যাট+৫% আয়কর) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (ঢাকাস্থ যে কোন সিডিউল ব্যাংক হইতে ক্রয় পূর্বক) মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন অনুকূলে দরপত্রের সহিত সংযুক্ত করিয়া জমা দিতে হইবে। উল্লেখিত দর অংকে এবং কথায় স্পষ্ট ভাবে লিখিতে হইবে। অন্যথায় দরপত্র বাতিল বলিয়া গন্য হইবে।

৪। বিস্তারিত নিয়ম কানুন সম্বলিত সিডিউল অফিস চলাকালীন সময়ে মহাব্যবস্থাপক (পরিবহন) এবং সহকারী ব্যবস্থাপক, গাবতলী ও মহাখালী আন্তঃজেলা বাস টার্মিনালের দপ্তর হইতে প্রতিসেট ৫০০/- (পাঁচশত) টাকা কর্পোরেশন তহবিলে চালান মাধ্যমে জমাদান করিয়া সংগ্রহ পূর্বক তাহা দরপত্রের সহিত সংযুক্ত করিয়া দাখিল করিতে হইবে।

৫। দরপত্র খোলার তারিখে কোন সিডিউল বিক্রয় হইবে না। দরপত্র গ্রহণ করার দিন কোন কারণ বশতঃ সরকারী ছুটি ঘোষিত হইলে পরবর্তী কার্যদিবসে যথানিয়মে যথাসময়ে দরপত্র গ্রহণ করা হইবে।


৬। দরপত্র দাতাকে সিডিউল ক্রয়ের জন্য টাকা জমাদানের চালানের কপি, স্থায়ী ও বর্তমান ঠিকানা উল্লেখ পূর্বক চারিত্রিক সনদপত্র, আয়কর সনদপত্র এবং সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ২(দুই) কপি ছবি (গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত) দরপত্রের সহিত জমাদান করিতে হইবে।

(অঃ পৃঃ দ্রঃ)

৫

পাতা-২

৭। ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কতৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।



(লে. কর্ণেল এম এম সাবের সুলতান, ইএমই)

মহাব্যবস্থাপক (পরিবহন)

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

ফোন- ৯৮৫৬৮১১ (অফিস)

স্মারক নং- ৪৬.১০.০০০০.০১৭.৬১৮.১৮

তারিখ-২১/০১/২০১৮ খ্রিঃ

অনুলিপিঃ-

- ১। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ২। মেয়র মহোদয়ের একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৪। প্রধান জনসংযোগ কর্মকর্তা (বহুল প্রচলিত ০২ টি বাংলা ও ০১ টি ইংরেজি দৈনিক পত্রিকায় যথাসময়ে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৫। সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন-ওয়েব সাইটে বিজ্ঞপ্তিটি প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৬। ব্যবস্থাপক (পরিবহন), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৭। সহকারী ব্যবস্থাপক, গাবতলী ও মহাখালী আন্তঃজেলা বাস টার্মিনাল, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৮। নিরাপত্তা কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৯। নোটিশ বোর্ড।
- ১০। দপ্তর অনুলিপি।
- ১১। নথি অনুলিপি।



মহাব্যবস্থাপক (পরিবহন)

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

ফোন- ৯৮৫৬৮১১ (অফিস)